

তারিখ: 14/06/2017

**ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (এএসিএস)-এর ধারা 35A –এর অধীনে বিশেষ নিয়ন্ত্রণবিধি- সনমিত্র
সহকারী ব্যাঙ্ক মর্যাদিত, মুম্বই, মহারাষ্ট্র**

মুম্বই, মহারাষ্ট্র স্থিত সনমিত্র সহকারী ব্যাঙ্ক মর্যাদিত -কে জুন 14, 2016 তারিখাঙ্কিত দ্রষ্টব্য আদেশবিধির মাধ্যমে জুন 14, 2016 তারিখ কাজের শেষ থেকে ছয় মাস মেয়াদের জন্য বিশেষ নিয়ন্ত্রণবিধির অধীনে আনা হয়েছিল। ডিসেম্বর 07, 2016 তারিখাঙ্কিত দ্রষ্টব্য আদেশের মাধ্যমে উক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধির বৈধতা ছয় মাস মেয়াদের জন্য বাড়ানো হয়েছিল। জনসাধারণের জ্ঞাতার্থে এতদ্বারা জানানো হচ্ছে যে জুন 14, 2016 তারিখাঙ্কিত আদেশবিধি তৎসহ পঠিত ডিসেম্বর 07, 2016 তারিখাঙ্কিত আদেশবিধির কার্যকরিতার মেয়াদ জুন 08, 2017 তারিখাঙ্কিত দ্রষ্টব্য আদেশবিধির মাধ্যমে, পর্যালোচনার সাপেক্ষে, জুন 15, 2017 থেকে সেপ্টেম্বর 14, 2017 পর্যন্ত আরও তিন মাস মেয়াদের জন্য বাড়ানো হয়েছে।

উক্ত আদেশবিধির অন্যান্য বিধি ও শর্তাদি অপরিবর্তিত রইল।

উক্ত পরিমার্জনের উল্লেখসহ জুন 08, 2017 তারিখাঙ্কিত আদেশবিধির একটি প্রতিলিপি জনগণের নজরে আনার জন্য ব্যাঙ্ক চত্বরে প্রদর্শিত আছে।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক উপরোক্ত পরিমার্জনের অর্থ এই নয় যে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক প্রাপ্ত ব্যাঙ্কটির আর্থিক অবস্থার বাস্তবিক উন্নতি সম্পর্কে সন্তুষ্ট।

অনিরুধা ডি. জাদব
সহায়ক প্রবন্ধক

প্রেস প্রকাশনি: 2016-2017/3375